(৪) অনুচ্ছেদ ৭ এর দফা (ড) এর অধীন কায়িক পরীক্ষায় কোন পণ্য চালান প্রত্যয়ন পত্রের সহিত সামঞ্জস্যপূর্ণ পাওয়া না গেলে উক্ত পণ্য চালান কায়িক পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে শুল্কায়ন করতঃ আমদানীকারক কর্তৃক শুল্ক-করাদি জমা প্রদান সাপেক্ষে উক্ত পণ্য চালান ৩(তিন)টি কার্যদিবসের মধ্যে খালাস প্রদান করিতে হইবে।";

(৫) অনুচ্ছেদ -৯ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৯ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"৯। বিরোধ-নিস্পত্তির পদ্ধতি ।- (১) শুল্ক কর্তৃপক্ষ, পরিদর্শন সংস্থা ও আমদানীকারকের পরস্পরের মধ্যে এই আদেশের অনুচ্ছেদ ৫, ৭ ও ৮ এ বর্ণিত কোন বিষয়ে বিরোধ নিস্পত্তির জন্য নিম্নবর্ণিত ৩(তিন) স্তর বিশিষ্ট কার্যপ্রণালী অনুসরণ করিতে হইবে, যথা ঃ-

(ক) প্রথম স্তর - বিরোধের উৎসমূল অনুসন্ধান পূর্বক নিস্পত্তি;
(খ) দ্বিতীয় স্তর - রিভিউ কমিটি (Review Committee) কর্তৃক নিস্পত্তি;
(গ) তৃতীয় স্তর - আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক নিস্পত্তি।

(২) বিরোধের উৎসমূল অনুসন্ধান পূর্বক নিস্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা যাইবে, যথা ঃ-

(ক) পণ্য খালাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অভিযোগকারী বিরোধীয় বিষয় সম্পর্কে বিস্তারিত উল্লেখপূর্বক লিখিত অভিযোগপত্র সংশ্লিষ্ট প্রতিপক্ষের নিকট উত্থাপন করিবেন। প্রতিপক্ষ এইরূপ অভিযোগপত্রের কপির উপর তারিখ ও সময় লিখিয়া প্রাপ্তি স্বীকার করিবে এবং উহার একটি কপি অভিযোগকারীকে প্রদান করিবেন।

(খ) অভিযোগ পত্র প্রাপ্তির সর্বোচ্চ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উভয় পক্ষ বিরোধীয় বিষয়টি আলোচনার মাধ্যমে নিস্পত্তির লক্ষ্যে প্রতিপক্ষের দপ্তরে বৈঠক অনুষ্ঠান করিবে। উক্ত বৈঠকে বিরোধীয় বিষয়টি নিস্পত্তি হইয়া গেলে একটি বিবরণী প্রস্তুত করিয়া উভয় পক্ষ উহাতে স্বাক্ষর করতঃ প্রত্যেকে একটি করিয়া অনুলিপি সংরক্ষণ করিবেন।

(গ) আলোচনা বৈঠকে বিরোধীয় বিষয়টি নিস্পত্তি না হইলে প্রতিপক্ষ উক্ত বৈঠকর ৩(তিন)টি কার্যদিবসের মধ্যে অভিযোগ সম্পর্কে তথ্য ও অভিযোগ নিস্পত্তি না হওয়ার কারণ লিপিবদ্ধ করিয়া অভিযোগকারীকে একটি জবাব প্রেরণ করিবেন।

(ঘ) উপ-অনুচ্ছেদ (২) (ক) (খ) ও (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে যে শহরে সংশ্লিষ্ট কমিশনারের দপ্তর অবস্থিত সেই শহরে পরিদর্শন সংস্থা উহার একটি অফিস স্থাপন করিবে এবং অভিযোগ গ্রহণের নিমিত্তে উহার এক বা একাধিক কর্মকর্তার প্রাপ্যতা নিশ্চিত করিবে।

(৩) রিভিউ কমিটি কর্তৃক নিস্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ-

(ক) উপ-অনুচ্ছেদ (২) অনুসারে বিরোধ নিস্পত্তি না হইলে প্রতিপক্ষের নিকট হইতে লিখিত জবাব প্রাপ্তি অথবা যৌথ বেঠক অনুষ্ঠিত হইবার ৭ (সাত) কর্মবিদসের মধ্যে অভিযোগকারী বিরোধ নিস্পত্তির জন্য রিভিউ কমিটির নিকট নিম্নবর্ণিত দলিলপত্র সহ আবেদন করিতে পারিবেন, যথা ঃ-

(অ) প্রতিপক্ষের নিকট উথাপিত প্রথম অভিযোগপত্র;
(আ) প্রতিপক্ষের লিখিত জবাব;
(ই) প্রতিপক্ষের উত্তর কেন গ্রহণযোগ্য নহে সে সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা।

(খ) আইনের section 193 c এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত চারজন সদস্য সমন্বয়ে একটি রিভিউ কমিটি গঠিত হইবে, যথা ঃ-

(অ) কমিশনার অব কাস্টম্স(আপীল), যিনি উহার সভাপতিও হইবেন;
(আ) পরিদর্শন সংস্থা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;
(ই) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রীজ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি; এবং

(ঈ) বোর্ড কর্তৃক মনোনীত একজন শুল্ক কর্মকর্তা যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(গ) অভিযোগকারীর নিকট হইতে উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) মোতাবেক আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটি সকল শুনানী সম্পন্ন করিবে এবং শুনানী সম্পন্ন হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে তাহাদের সিদ্ধান্ত লিখিতভাবে পক্ষগণকে অবহিত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩০(ত্রিশ)টি কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটি সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হইলে যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ করিয়া সরকারের নিকট আবেদন করিলে সরকার আরও ৩০(ত্রিশ)টি কার্যদিবস বৃদ্ধি করিতে পারিবে;

(ঘ) রিভিউ কমিটি ঢাকা, চট্টগ্রাম এবং বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে শুনানী গ্রহণ করিতে পারিবে এবং শুনানীতে অভিযোগকারী এবং প্রতিপক্ষকে হাজির থাকিতে নোটিশ করিতে পারিবে।

(ঙ) ন্যূনতম ৩(তিন)জন সদস্যের উপস্থিতিতে রিভিউ কমিটির সভার কোরাম গঠিত হইবে। সংখ্যা গরিষ্ঠ ভোটের ভিত্তিতে রিভিউ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে। ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নিয়ামক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(চ) অভিযোগকারী বা তাহার মনোনীত প্রতিনিধি কমিটির সভাপতিকে লিখিতভাবে অবহিত না করিয়া বা যুক্তিসংগত কারণ ব্যতীত শুনানীতে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি অভিযোগ খারিজ করিতে পারিবে।

(ছ) প্রতিপক্ষ বা তাহার মনোনীত প্রতিনিধি রিভিউ কমিটির সভাপতিকে লিখিতভাবে অবহিত না করিয়া বা যুক্তিসংগত কারণ ব্যতীত শুনানীতে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করিয়া যথাযথ সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(জ) নির্ধারিত দিনের মধ্যে শুনানীতে কোন পক্ষ উপস্থিত না হইলে রিভিউ কমিটি স্বীয় বিবেচনা মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে।

(ঝ) সংক্ষুব্ধ যে কোন পক্ষ রিভিউ কমিটির সিদ্ধান্ত প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলাত ট্রাইব্যুনালে আপীল দায়ের করিতে পারিবেন।";

(৬) অনুচ্ছেদ-১০ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"১০।- পরিদর্শন সংস্থার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা ।- (১) যদি কোন পরিদর্শন সংস্থা অনুচ্ছেদ ০৫ এবং অনুচ্ছেদ ০৭ এর দফা (ক) হইতে দফা (ঠঠ) এ বর্ণিত বিধানাবলী যথাযথভাবে পালন না করে কিংবা উক্ত বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ কোন কাজ করে এবং তাহা বিরোধ নিস্পত্তির প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হওয়ার পর সিদ্ধান্ত/রায় পরিদর্শন সংস্থার বিরুদ্ধে যায় তাহা হইলে উক্ত পরিদর্শন সংস্থাকে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত করা যাইবে।

(২) যদি কোন পরিদর্শন সংস্থা;

(ক) বাংলাদেশে আমদানী নিষিদ্ধ কোন পণ্যের সিআরএফ প্রদান করে;
(খ) পণ্য পরিদর্শন না করিয়াই সিআরএফ কিংবা এনএনআরএফ প্রদান করে;
(গ) আমদানিকারক বা রপ্তানীকারকের সহিত যোগসাজশে সরকারকে উহার প্রাপ্য আয় হইতে বঞ্চিত করে;
(ঘ) দশ (১০) কর্মদিবসের মধ্যে কমিশনারের নিকট পণ্য পরিদর্শন সংক্রান্ত লিখিত অনুসন্ধানের জবাব দিতে ব্যর্থ হয়;

তাহা হইলে উক্ত পরিদর্শন সংস্থার উপর সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা ও সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত হইবে।

(ঙ) দফা (গ) এর অপরাধ প্রমাণিত হইলে আইন অনুযায়ী আমদানিকারকের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৩) যদি অনুচ্ছেদ ৭এর দফা(ড) এর অধীন কায়িক পরীক্ষায় -
(ক) পণ্যের পরিমাণগত তারতম্য ৫% এর অধিক হয়;
(খ) পণ্যের বর্ণনা, গুণগতমান ও শ্রেণীবিন্যাস অসংগতিপূর্ণ হয়;

তাহা হইলে উক্ত পণ্য কায়িক পরীক্ষা না হইয়া খালাস পাইলে যে পরিমাণ রাজস্ব ক্ষতি হইত উহার দ্বিগুণ কিংবা ৭৫ (পঁচাত্তর) হাজার টাকা অর্থদন্ড, যাহা অধিক হয়, উক্ত পরিদর্শন সংস্থা দন্ডিত হইবে।

(৪) সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থা উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন আরোপিত দন্ডাদেশের বিরুদ্ধে সরাসরি আপীলাত ট্রাইব্যুনালে আপীল করিতে পারিবে।

(৫) যদি কোন পণ্য চালানের জন্য পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যায়িত মূল্য প্রকৃত মূল্যের চেয়ে কম বলিয়া প্রতিষ্ঠিত হয় কিংবা পরিদর্শন সংস্থা কর্তৃক যাচাইকৃত কোন আমদানি ঋণপত্র (L/C) পরবর্তীতে ভূয়া প্রমাণিত হয় তাহা হইলে যে পরিমাণ সরকারী রাজস্ব ক্ষতি হইয়াছে বা হইত সেই পরিমাণ রাজস্বের আড়াই গুণ অথবা ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড যাহাই অধিক হয় উক্ত পরিদর্শন সংস্থা দন্ডিত হইবে।

(৬) উপ-অনুচ্ছেদ (১) (২) (৩) ও (৫) এ বর্ণিত দন্ড সংশ্লিষ্ট কমিশনার আরোপ করিবেন।

(৭) নিম্ন বর্ণিত যে কোন কারণে বোর্ড সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থাকে কারণ দর্শানোর যুক্তিসংগত সময় এবং শুনানীর সুযোগ প্রদান করতঃ উহার কার্যক্রম নির্দিষ্ট মেয়াদের জন্য স্থগিত করিতে পারিবে -

(ক) উপ-অনুচ্ছেদ ১ এ বর্ণিত অপরাধ সংঘটনের জন্য কোন পরিদর্শন সংস্থাকে পূর্ববর্তী ১২(বারো) মাসে যতবার দন্ড আরোপ করা হইয়াছে যদি তাহার সংখ্যা উক্ত পরিদর্শন সংস্থা কর্তৃক উক্ত সময়ে মোট ইস্যুকৃত প্রত্যয়নপত্রের ১৫% ভাগের অধিক হয়;

(খ) উপ-অনুচ্ছেদ ৩-এ বর্ণিত অপরাধ সংঘটনের জন্য কোন পরিদর্শন সংস্থাকে পূর্ববর্তী ১২(বারো) মাসে যতবার দন্ড আরোপ করা হইয়াছে যদি তাহার সংখ্যা উক্ত সময়ে কায়িক পরীক্ষার জন্য বাছাইকৃত সি আর এফ ভুক্ত মোট পণ্য চালানের ২৫% ভাগের অধিক হয়;

(গ) উপ-অনুচ্ছেদ ২ ও ৪ -এ বর্ণিত অপরাধ সংঘটনের জন্য কোন পরিদর্শন সংস্থাকে পূর্ববর্তী ১২(বারো) মাসে যতবার দন্ড আরোপ করা হইয়াছে যদি তাহার উক্ত সময়ে অডিটের জন্য গৃহীত সি আর এফ ভূক্ত মোট পণ্য চালানের ২৫% ভাগের অধিক হয়;

(ঘ) যদি উপ- অনুচ্ছেদ ৩ (ক) ও (খ) এ বর্ণিত কারণে রাজস্ব ক্ষতি/ সম্ভাব্য ক্ষতির পরিমাণ সংশ্লিষ্ট পণ্য চালানের সাথে সংশ্লিষ্ট মোট রাজস্বের ২৫% এর অধিক হয় এবং কোন পরিদর্শন সংস্থার ক্ষেত্রে পূর্ববর্তী ১২(বারো) মাসে সর্বাধিক ৬ (ছয়)বার এইরূপ অপরাধ সংঘটিত হয়।

(৮) অনুচ্ছেদ ৭ মোতাবেক কোন পরিদর্শন সংস্থার কার্যক্রম পর পর তিন বার স্থগিত করা হইলে তৃতীয়বার স্থগিতকরণের তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসরের মধ্যে উক্ত পরিদর্শন সংস্থা পুনঃ নিয়োগ লাভের অযোগ্য বিবেচিত হইবে।

(৯) যদি কোন নিয়োগকৃত পরিদর্শন সংস্থা দেউলিয়া ঘোষিত হয়, তাহা হইলে সরকার কর্তৃক উক্ত পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ অফিসের কার্যক্রম বন্ধ ঘোষিত হইবে এবং উক্ত পরিদর্শন সংস্থা কোন কারণ দর্শানো নোটিশ ব্যতিরেকেই স্থায়ীভাবে বরখাস্ত হইবে।

(১০) সরকার কোন পরিদর্শন সংস্থাকে নিম্নবর্ণিত যে কোন কারণে দায়িত্ব পালনের অযোগ্য বলিয়া ঘোষণা করিতে পারিবে, যথাঃ-

(ক) যদি প্রমাণিত হয় যে, কোন পরিদর্শন সংস্থা দরপত্র দাখিলের সময় বোর্ডকে ভুল ও বিভ্রান্তিকর তথ্য প্রদান করিয়াছে;

(খ) যদি কোন পরিদর্শন সংস্থা সরকারের সহিত চুক্তির দায়দায়িত্ব অন্য কোন সংস্থার নিকট আংশিক বা সম্পূর্ণভাবে হস্তান্তর করে, তবে সরকারের পূর্বানুমতিক্রমে পরিদর্শন সংস্থা কর্তৃক স্থানীয় এজেন্ট বা প্রতিনিধি পরিবর্তন ইহার আওতায় পড়িবে না; এবং

(গ) যদি কোন পরিদর্শন সংস্থা নিয়োগ প্রাপ্তির পর উহার কার্যক্রম বন্ধ করিয়া দিবার সিদ্ধান্ত গ্রহণ করে।";

(৭) অনুচ্ছেদ ১৪ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদদ্বয় প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"১৪ পরিদর্শন সংস্থার সর্বনিম্ন ফিস।- এই আদেশের অন্যত্র যাহা কিছুই থাকুক না কেন, প্রত্যেক পরিদর্শন সংস্থা নিম্নবর্ণিত সর্বনিম্ন (minimum) ফিস প্রাপ্য হইবে -

ক) পণ্য পরিদর্শন পূর্বক প্রতিটি প্রত্যয়ন পত্র ইস্যুর জন্য US$ 250;
খ) ক্ষেত্রমত কন্টেইনার সীল করিয়া প্রত্যয়নপত্র ইস্যুর জন্য US$ 275 ;
গ) অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) মোতাবেক দলিলাদি যাচাইয়ের পর ইহাদের যেকোন একটি সঠিক নয় মর্মে প্রত্যয়নপূর্বক সংশ্লিষ্ট ব্যাংক ও বোর্ডে প্রতিবেদন দাখিলের জন্য US$ 25; এবং
ঘ) US$ 5000 এর সমান কিংবা কম মূল্য মানের পণ্য চালান পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র ইস্যুর জন্য US$ 175 এবং ক্ষেত্রমত কন্টেইনার সীল করণের জন্য অতিরিক্ত US$ 25।

১৪ ক। পরিদর্শন সংস্থাকে ফিস প্রদান পদ্ধতি।- (১) বোর্ডের সুপারিশক্রমে এবং বোর্ডের মাধ্যমে অর্থ মন্ত্রণালয় প্রত্যেক কমিশনারকে একটি নির্দিষ্ট অংকের টাকার পূণর্ভরণযোগ্য তহবিল অগ্রিম হিসাবে প্রদান নিশ্চিত করিবে। পরিদর্শন সংস্থা সমূহের পরিদর্শন ফি পরিশোধের জন্য এই তহবিল ব্যবহৃত হইবে।

(২) পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ অফিস নিম্নবর্ণিত তথ্যাদি ও বিবরণসহ মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনারের নিকট বাংলাদেশী টাকায় বিল দাখিল করিবে, তবে এইক্ষেত্রে বৈদেশিক মুদ্রা রূপান্তরের ভিত্তি হইবে বিল দাখিলের তারিখের পূর্ববর্তী দিনের প্রচলিত Exchange rate এবং সেই সম্পর্কে সোনালী ব্যাংকের প্রত্যয়নপত্র বিলের সংগে সংযুক্ত করিতে হইবে-

ক) আমদানীকৃত পণ্যের ঋণপত্রের অথবা, ক্ষেত্রমত, ব্যাংক ড্রাফট বা টাকা প্রদানের অন্য কোন বিকল্প দলিলের নম্বরসহ ব্যাংকের নাম, পরিদর্শন সংস্থা ঋণপত্রের সত্যতা নির্ধারণ করিয়াছে এই মর্মে ঘোষণা এবং সংশ্লিষ্ট প্রত্যায়নপত্র বা এনএনআরএফ নম্বর ও তারিখ;

খ) পরিদর্শনকৃত পণ্য শুল্ক ভবনে বা শুল্ক ষ্টেশনে পৌঁছাইবার সূত্র উল্লেখপূর্বক বিশদ বিবরণ এবং পরিদর্শনকৃত চালান পরিদর্শনের পর ঋণপত্র বাতিল হইলে উহার উল্লেখ।

(৩) আংশিক যানজাতকরণের ক্ষেত্রে পরিদর্শন সংস্থা আংশিক পরিদর্শন ফিসের জন্যে প্রয়োজনীয় দলিলপত্রাদি দাখিল করিতে পারিবে এবং সেই ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক আংশিক সার্ভিস চার্জ পরিশোধযোগ্য হইবে।

(৪) পরিদর্শন সংস্থা হইতে বিল প্রাপ্তির অনধিক পনেরটি কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষার পর বিলে অন্তর্ভূক্ত ফিসের কোন অংশ সম্পর্কে আপত্তি থাকিলে সেই অংশ ব্যতীত বাকি বিল সংশ্লিষ্ট কমিশনার আবশ্যিকভাবে পরিশোধের ব্যবস্থা নিবেন।

(৫) পরিদর্শন ফিস বাংলাদেশী মুদ্রায় পরিশোধ করা হইবে এবং প্রাপ্ত অর্থের অনধিক ৮০% রূপান্তরের দিনে বাজারে প্রচলিত Exchange rate -এর ভিত্তিতে বৈদেশিক মুদ্রায় রূপান্তর করা যাইবে।

(৬) পণ্য পরিদর্শনের পর কিন্তু সি,আর,এফ ইস্যুর পূর্বে ঋণপত্র (L/C) বাতিল হইলেও পরিদর্শন সংস্থা তাহার পরিদর্শন ফি প্রাপ্য হইবে। এই ধরনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণপত্র (L/C) ইস্যুকারী ব্যাংক আমদানিকারকের ঋণপত্র (L/C) এর প্রাপ্য অর্থ হইতে নির্ধারিত চার্জ কর্তন করিয়া সরকারী খাতে জমা প্রদান করিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( আবুল কাসেম )
অতিরিক্ত সচিব(পদাধিকারবলে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড।

(শুল্ক)

২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা।
ঢাকা, ---------------------------
০৮ জুন, ২০০০ ইংরেজী।

এস.আর.ও, নং ১৬৪-আইন/২০০০/১৮৪৫/কাস। -Customs Act, 1969 (IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্‌সংক্রান্ত বিদ্যমান বিধিমালা বাতিলক্রমে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রনয়ণ করিল, যথা:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।- (১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons Baggage Rules, 1985 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) "ব্যাগেজ" অর্থ কোন যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসংগত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালী অথবা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী যাহা বিক্রয় করা যাইবে না;

(খ) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত কোন যাত্রী;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল।

৩। আকাশ ও জলপথে আগত যাত্রীর শুল্ক কর সুবিধা।- (১) আকাশ এবং জলপথে আগত যাত্রীর সংগে আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ এবং ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ দুইটি কার্টন, ব্যাগ বা বস্তায় অথবা ৩২" (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট দুইটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কেজি ওজনের একটি স্যুটকেস, ট্রাংক, কার্টন, ব্যাগ বা বস্তায় আনীত ব্যক্তিগত ব্যবহার্য, পরিধেয় বস্ত্র, বই, সাময়িকী অথবা পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

(৩) ১২ (বার) বছরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ, বস্তা বা ৩২" (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

(৪) যাত্রীর সংগে আনা হয় নাই এমন ব্যাগেজ তফসিল ১ এর ফরমে ঘোষণা প্রদান সাপেক্ষে সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে এবং উক্ত ব্যাগেজ খালাসের সময় ঘোষণা পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৫) একজন যাত্রী তফসিল ২ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল ৩ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে একই পঞ্জিকা বৎসরে একবার আমদানি করিতে পারিবে।

(৬) একজন বিদেশী নাগরিক এক বোতল অথবা ১/৬ গ্যালন পর্যন্ত মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন স্পিরিট, মদ, বিয়ার ইত্যাদি) সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

(৭) কোন যাত্রী তফসিল ২ এবং তফসিল ৩ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সংগে না আনিয়া থাকিলে তফসিল ৪ এর ফরমে উল্লেখক্রমে তাহা বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে যাত্রী আগমণের সাতটি কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবে।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

(৯) ১২ (বার) বৎসরের কম বয়স্ক যাত্রী উপ-বিধি (৩) এ উল্লিখিত সুবিধা ব্যতীত অন্য কোন সুবিধা পাইবেনা।

৪। অসুস্থ ও পঙ্গু যাত্রীর জন্য সুবিধা।- একজন অসুস্থ, পঙ্গু এবং বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্ত্রপাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৫। স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা।- বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ২০০ (দুই শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

৬। ক্রুদের জন্য সুবিধা।- (১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশ বিমানের কোন ক্রু বা কর্মকর্তা সর্বোচ্চ ১০০ (এক শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

(২) বিদেশী সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোন জাহাজের বাংলাদেশী নাবিক বা কর্মকর্তা সর্বোচ্চ ৩০০ (তিন শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (sign off) করিলে সে অনুর্ধ্ব ২,০০০ (দুইহাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবে।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও ষ্টুয়ার্ডগণ (হেলপার/এ্যাসিস্‌ট্যান্ট) পরিধেয় বস্ত্র, বিছানা(বেডিং) ও রন্ধনকৃত খাদ্য সামগ্রী এবং সর্ব্বোচ্চ ৫০(পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে ।

৭। গ্রীণ চ্যানেল ব্যবহার ।- (১) কোন যাত্রী শুল্ক-কর আরোপযোগ্য পণ্য বহণ না করিলে তিনি বিমান বন্দরের গ্রীণ চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শুল্ক কর্মকর্তা, যুক্তিসংগত সন্দেহবশতঃ গ্রীণ চ্যানেল অতিক্রমকারী যে কোন যাত্রীর ব্যাগেজ পরীক্ষা করিতে পারিবে।

৮। সকল যাত্রীর জন্য শুল্ক ঘোষণাপত্রের বিধান।- বিদেশ হইতে আগত সকল যাত্রী শুল্ককর্তৃপক্ষের নিকট তফসিল ১ এর ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিবে।

৯। মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।- এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক-কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

## তফশিল ১

[বিধি ৮ দ্রষ্টব্য]

(ব্যাগেজ ঘোষণা পত্রের ফরম)

| | | | |
|---|---|---|---|
| ১। | যাত্রীর নাম | ঃ | |
| ২। | পাসপোর্ট নং | ঃ | |
| ৩। | ফ্লাইট নং | ঃ | |
| ৪। | আগমনের তারিখ | ঃ | |
| ৫। | জাতীয়তা | ঃ | |
| ৬। | আপনার সংগে আনীত স্যুটকেস এবং ব্যাগ/কেবিন ব্যাগের সংখ্যা কত? | ঃ | |
| ৭। | আপনার নিকট ২০০ (দুইশত) গ্রামের বেশী ওজনের স্বর্ণ অথবা রৌপ্য অলংকার আছে কি ?<br>(উল্লেখ্য যে, ২০০ (দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ/রৌপ্য অলংকার সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে এবং ১০(দশ) কেজি পর্যন্ত স্বর্ণ/২০(বিশ) কেজি পর্যন্ত রৌপ্য পিন্ড সকল প্রকার শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে খালাসযোগ্য। | | আছে/নাই |
| ৮। | আপনার নিকট ১০(দশ) কেজির বেশী ওজনের স্বর্ন অথবা ২০ (বিশ) কেজির বেশী ওজনের রৌপ্য আছে কি ? | | আছে/নাই |
| ৯। | আপনার নিকট কোন মদ/মদ্যজাতীয় পানীয়/সিগারেট /মাদক দ্রব্য আছে কি ?<br>[উল্লেখ্য যে, এক কার্টন (২০০ শলাকা) সিগারেট সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য।] | | আছে /নাই |
| ১০। | আপনার নিকট ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলারের অধিক কোন বৈদেশিক মুদ্রা আছে কি? | | আছে/নাই |
| ১১। | এই ফরমে উল্লিখিত শুল্ক-কর আরোপযোগ্য কোন পণ্য আপনার ব্যাগেজে আছে কি? | | আছে/নাই |

১২। যাত্রীর সংগে আনা হয় নাই এমন ব্যাগেজ থাকিলে ঃ-

| | সংখ্যা | ওজন | |
|---|---|---|---|
| (ক) আগমনকালে সঙ্গে আনা এবং ছাড়কৃত ব্যাগ/স্যুটকেস/ট্রাঙ্ক/কার্টন সংক্রান্ত তথ্য ঃ | | | |
| (খ) যেই ব্যাগ/স্যুটকেস/ট্রাংক/কার্টন সংগে আনা হয় নাই সেই সংক্রান্ত তথ্য ঃ | সংখ্যা | ওজন | এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নম্বর ও তারিখ |

প্রতিস্বাক্ষর

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে) ঃ

তারিখ ঃ

সুপারিনটেনডেন্ট (শুল্ক)।

শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য ব্যাগেজে আমদানি করা হইলে শুল্ক-কর আদায়যোগ্য।

(খ) দুইটি স্যুটকেসের বেশী অতিরিক্ত স্যুটকেসে আনীত ব্যাগেজ শুল্ক-কর আদায়যোগ্য। তবে তৃতীয় স্যুটকেসে আনীত বই পত্র, সাময়িকী বা শিক্ষার উপকরণ শুল্ক-কর মুক্তভাবে খালাসযোগ্য।

(গ) বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য ব্যাগেজে আমদানি করা হইলে শুল্ক-কর আদায়যোগ্য।

(ঘ) নিম্নে বর্ণিত পণ্য ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য হইলেও ব্যাগেজ হিসাবে আমদানির ক্ষেত্রে প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ টাকা শুল্ক-কর হিসাবে পরিশোধ করিতে হইবে।

(১) টেলিভিশন (ক) ২৫" পর্যন্ত ৭,৫০০/- টাকা, (খ) ২৬" বা তদুর্ধ্ব ১৫,০০০/- টাকা, (২) ভিসিআর/ভিসিপি/স্যাটেলাইট রিসিভার ৩,০০০ টাকা, (৩) ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি প্লেয়ার ৪,০০০/- টাকা, (৪) মিউজিক সেন্টার (ক) সাধারণ সিডিসহ এবং বিযুক্ত স্পিকারসহ ২,০০০/- টাকা, (খ) কম্পোনেন্ট সিস্টেম (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) ৮,০০০/- টাকা, (গ) বিযুক্ত অবস্থায় (Detachable) (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) ১৫,০০০/- টাকা, (৫) রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার ৫,০০০/- টাকা, (৬) ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার ৩,০০০ টাকা (৭) বৈদ্যুতিক সেলাই মেশিন/নিটিং মেশিন ১,০০০ টাকা, (৮) সাধারণ ফটোকপিয়ার/ফটো এনলার্জার ১০,০০০/- টাকা, (৯) এয়ার কুলার/এয়ার কন্ডিশনার (ক) উইন্ডো টাইপ (Window type) ১০,০০০/- টাকা, (খ) স্প্লিট টাইপ (Split type) ২৫,০০০/- টাকা, (১০) ফ্যাক্স মেশিন ৫,০০০ টাকা, (১১) ওভেন (ক) মাইক্রোওয়েভ ওভেন ২,০০০ টাকা, (খ) গ্যাস ওভেন (বার্নারসহ) ৫,০০০/- টাকা, (১২) ডিশ এন্টেনা ৭,০০০ টাকা, (১৩) স্বর্ণবার বা স্বর্ণপিন্ড (সর্বোচ্চ ১০ কেজি) ২০০/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম), (১৪) রৌপ্যবার বা রৌপ্যপিন্ড (সর্বোচ্চ ২০ কেজি) ৬/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম), (১৫) মোবাইল/সেলুলার টেলিফোন ৫,০০০/- টাকা, (১৬) এয়ারগান/এয়ার রাইফেল ২,০০০/- টাকা, (১৭) ঝাড়বাতি ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট), (১৮) কার্পেট ১৫ বর্গ মিটার পর্যন্ত ৫০০/- টাকা (প্রতি বর্গমিটার)।

## তফসিল ২
[ বিধি ৩ (৫) দ্রষ্টব্য ]

### শুল্ক-কর মুক্ত পণ্যের তালিকা

১। ক্যাসেট প্লেয়ার/টুইনওয়ান

২। ডিস্কম্যান/ওয়াকম্যান (অডিও)

৩। বহনযোগ্য অডিও সিডি প্লেয়ার

৪। ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার (প্রিন্টার ও ইউপিএস সহ)

৫। ভিডিও ক্যামেরা

৬। ষ্টীল ক্যামেরা

৭। সাধারন/পুশবাটন/কর্ডলেস টেলিফোন সেট

৮। সাধারন/ইলেকট্রিক ওভেন

৯। রাইস কুকার/প্রেসার কুকার

১০। ব্লেন্ডার/জুসার/কফি মেকার

১১। সাধারন ও বৈদ্যুতিক টাইপরাইটার

১২। সেলাই মেশিন (ম্যানুয়াল)

১৩। টেবিল/প্যাডেলষ্টাল ফ্যান

১৪। স্পোর্টস সরঞ্জাম (ব্যক্তিগত ব্যবহারের জন্য)

১৫। ২০০ গ্রাম ওজনের স্বর্ন/রৌপ্য অলংকার (এক প্রকার অলংকার ১২ টির অধিক হইবে না)

১৬। এক কার্টন (২০০ শলাকা) সিগারেট।

তফশিল-৩
[ বিধি ৩ (৫) দ্রষ্টব্য ]

শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের তালিকা

| | পণ্যের বর্ণনা | সর্বমোট শুল্ক-কর ইত্যাদির পরিমাণ। |
|---|---|---|
| | ১ | ২ |
| ১। | টেলিভিশন | |
| | (ক) ২৫" পর্যন্ত | ৭,৫০০/- টাকা |
| | (খ) ২৬" বা তদুর্ধ্ব | ১৫,০০০/-টাকা |
| ২। | ভিসিআর/ভিসিপি/স্যাটেলাইট রিসিভার | ৩,০০০/-টাকা |
| ৩। | ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি প্লেয়ার | ৪,০০০/টাকা |
| ৪। | মিউজিক সেন্টার | |
| | (ক) সাধারন সিডিসহ এবং বিযুক্ত স্পীকারসহ | ২,০০০/- টাকা |
| | (খ) কম্পোনেন্ট সিস্টেম (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) | ৮,০০০/- টাকা |
| | (গ) বিযুক্ত অবস্থায় (Detachable) (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) | ১৫,০০০/- টাকা |
| ৫। | রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার | ৫,০০০/- টাকা |
| ৬। | ডিশওয়াসার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার | ৩,০০০/- টাকা |
| ৭। | বৈদ্যুতিক সেলাই মেশিন/নিটিং মেশিন | ১,০০০/- টাকা |
| ৮। | সাধারণ ফটোকপিয়ার/ফটো এনলার্জার | ১০,০০০/- টাকা |
| ৯। | এয়ার কুলার/এয়ার কন্ডিশনার | |
| | (ক) উইনডো টাইপ (window type) | ১০,০০০/- টাকা |
| | (খ) স্প্লিট টাইপ (split type) | ২৫,০০০/- টাকা |
| ১০। | ফ্যাক্সমেশিন | ৫,০০০/- টাকা |
| ১১। | ওভেন ঃ | |
| | (ক) মাইক্রোওয়েভ ওভেন | ২,০০০/- টাকা |
| | (খ) গ্যাস ওভেন (বার্ণারসহ) | ৫,০০০/- টাকা |
| ১২। | ডিশএন্টেনা | ৭০০০/- টাকা |
| ১৩। | স্বর্ণবার বা স্বর্ণপিন্ড (সর্বোচ্চ ১০ কেজি) | ২০০/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম) |
| ১৪। | রৌপ্যবার বা রৌপ্যপিন্ড(সর্বোচ্চ ২০ কেজি) | ৬/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম) |
| ১৫। | মোবাইল/সেলুলার টেলিফোন | ৫,০০০/- টাকা |
| ১৬। | এয়ারগান/এয়ার রাইফেল | ২,০০০/- টাকা |
| ১৭। | ঝাড়বাতি | ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট) |
| ১৮। | কার্পেট ১৫ বর্গমিটার পর্যন্ত | ৫০০/- টাকা (প্রতি বর্গমিটার) |

তফসিল ৪
[ বিধি ৩ (৭) দ্রষ্টব্য ]

পণ্য ক্রয় সংক্রান্ত ফরম

[ঘোষিত পণ্য যাত্রী আগমণের সাতটি কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে]

১। যাত্রীর নাম ঃ

২। পাসপোর্ট নং ঃ

৩। ফ্লাইট নং ঃ

৪। আগমনের তারিখ ঃ

৫। তফশিল ২ এবং ৩ ভুক্ত যেই সকল পণ্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে ক্রয় করিতে ইচ্ছুক (এই বিধিমালার অধীনে প্রাপ্যতা অনুসারে তফসিল ২ এবং ৩ ভুক্ত যেই সকল পণ্য সংগে আনা হইয়াছে, তাহার সাথে সমন্বয় করিয়া দায়িত্বে নিয়োজিত শুল্ক কর্মকর্তা যাত্রী কর্তৃক ঘোষিত পণ্যের প্রাপ্যতা নির্ধারণ করিবেন) ঃ

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | সংখ্যা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

যাত্রীর স্বাক্ষর

ব্যাগেজ পরিদর্শকের নামের সীলসহ স্বাক্ষর

সহকারী/উপ/যুগ্ম কমিশনারের নামের সীলসহ স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(শাহ্‌নাজ পারভীন)
দ্বিতীয় সচিব (শুল্ক)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা।
তারিখ ঃ ------------------------
০৮ জুন, ২০০০ ইংরেজী।

এস, আর, ও, নং ১৬৫-আইন/২০০০/১৮৪৬/কাস। The Customs Act, 1969 (IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এতদ্‌সংক্রান্ত বিদ্যমান বিধিমালা বাতিলক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।- (১) এই বিধিমালা ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons Baggage Rules, 1985 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় –

(ক) "অবচয় মূল্য" অর্থ কোন যাত্রীর বিদেশে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের ক্ষেত্রে আমদানিকৃত ব্যাগেজের শুল্ক মূল্যের ৪০% ভাগ এবং দুই বৎসরের অধিক সময় অবস্থানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক বৎসরের জন্য আমদানিকৃত ব্যাগেজের শুল্ক মূল্যের ১০% ভাগ এবং সর্বোচ্চ ৮০% ভাগ ;

(খ) "প্রকৃত আবাস স্থানান্তর" অর্থ বিদেশে এক নাগাড়ে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের পর বাংলাদেশে বসবাসের সিদ্ধান্ত গ্রহণকারী কোন যাত্রী এবং তাহার পরিবারের অন্যান্য সদস্যগণের ব্যাগেজ বাংলাদেশে স্থানান্তরকরণ;

(গ) "পেশাগত দ্রব্য" অর্থ সাধারণভাবে ব্যবহার্য এবং সহজেই বহনযোগ্য দ্রব্য ও যন্ত্রপাতি যাহা যাত্রী তাহার নিজস্ব পেশার কাজে বিদেশে অবস্থানকালে ব্যবহার করিয়াছে ;

(ঘ) "ব্যাগেজ" অর্থ পরিধেয় অথবা গৃহস্থালী পণ্য যাহা সংশ্লিষ্ট যাত্রী বিদেশে অবস্থানকালে ব্যবহার করিয়াছে ;

(ঙ) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত প্রকৃত আবাস স্থানান্তরকারী কোন যাত্রী।

৩। প্রাপ্য সুবিধাদি। - (১) বিধি ৮ এর বিধান সাপেক্ষে একজন যাত্রী বিদেশে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের পর ৩,০০০ (তিন হাজার) মার্কিন ডলার মূল্যের এবং দুই বৎসরের অধিক সময় অবস্থানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক বৎসরের জন্য ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার মূল্যের এবং সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ অবচয় মূল্যের উপর প্রযোজ্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিয়া আমদানি করিতে পারিবে।

(২) কোন পরিবারের প্রকৃত আবাস স্থানান্তরের ক্ষেত্রে উক্ত পরিবারের প্রধান উপ-বিধি (১) এ উল্লিখিত যাত্রীর সুবিধাদি প্রাপ্য হইবে এবং পরিবারের অন্যান্য সদস্যের প্রত্যেকে উক্ত উপ-বিধিতে উল্লিখিত মূল্যের ২০% মূল্যের ব্যাগেজের জন্য উক্ত সুবিধাদি প্রাপ্য হইবে।

ব্যাখ্যা - (ক) কোন পরিবারের সদস্যগণ বিভিন্ন মেয়াদে বিদেশে অবস্থান করিয়া থাকিলে উক্ত পরিবারের প্রধানের বিদেশে অবস্থানের মেয়াদ পরিবারের অন্যান্য সদস্যের অবস্থানের মেয়াদ বলিয়া গণ্য হইবে।

ব্যাখ্যা - (খ) এই ক্ষেত্রে যাত্রীর বিদেশে অবস্থানের মেয়াদ গণনাকালে গড়ে প্রতিমাসে ৩(তিন) দিনের জন্য দেশে তাহার সাময়িক ভ্রমণকালকে বিদেশে অবস্থানের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে;

৪। শুল্ক-করমুক্ত সুবিধা।- বিধি ৩ এ বর্ণিত মূল্যসীমার অতিরিক্ত হিসাবে ব্যবহৃত ও পুরাতন (used and old) পরিধেয়, বই-পুস্তক এবং বিছানা (বেডিং) সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করা যাইবে।

৫। অবচয় মূল্যে সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে খালাসযোগ্য ব্যাগেজের তালিকা।- বিধি ৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে যাত্রী কর্তৃক আমদানিকৃত নিম্ন তালিকায় বর্ণিত পণ্যের প্রত্যেকটি একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর প্রযোজ্য হারে সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে খালাস করা যাইবে; একের অধিক হইলে অবচয় মূল্যের সুবিধা প্রদান করা যাইবেনা এবং সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে হইবে। পরিবারের অন্যান্য সদস্য বিধি ৩ এর উপ-বিধি (২) এ বর্ণিত মূল্যসীমার মধ্যে নিম্ন তালিকায় বর্ণিত পণ্য একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবে।

তালিকা

টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথ ড্রাইয়ার, ডিসওয়াশার, ভি.সি.পি. ভি.সি.আর., সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার,

লেজার ডিস্ক প্লেয়ার/কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোনসেট (মোবাইলসেট সহ), ভিডিও ক্যাসেট (রেকর্ডকৃত), মাইক্রো-কম্পিউটার, স্যাটেলাইট রিসিভার, ক্রোকারিজ বা তৈজষপত্র, আসবাবপত্র, নেবুলাইজার মেশিন, ক্রাচ (crutch), হুইল চেয়ার এবং অনধিক ২০০ (দুইশত) ডলার মূল্যের অন্যান্য গৃহস্থালী সামগ্রী।

৬। পেশাগত দ্রব্য আমদানি সুবিধা। - এই বিধিমালার আওতায় কোন যাত্রী বিধি ৩ এ উল্লিখিত মূল্য সীমার অতিরিক্ত সর্বোচ্চ ১, ০০০ (এক হাজার) মার্কিন ডলার মূল্যের পেশাগত দ্রব্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

৭। মোটর গাড়ী আমদানি। - কোন যাত্রী বাণিজ্য মন্ত্রণালয় হইতে প্রদত্ত ইমপোর্ট পারমিট অথবা ক্লিয়ারেন্স পারমিট ব্যতিরেকে মোটর গাড়ী আমদানির বিষয়ে আমদানি নীতির শর্ত পূরণ সাপেক্ষে তাহার ব্যবহৃত একটি মোটর গাড়ী আমদানি করিতে পারিবে, তবে এইরূপ আমদানির ক্ষেত্রে এই বিধিমালায় বর্ণিত অবচয় মূল্যের সুবিধার পরিবর্তে বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত গাড়ীর ক্ষেত্রে ধার্যকৃত অবচয় মূল্যের উপর সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে হইবে। এইরূপ গাড়ী আমদানি বিধি ৩ এ বর্ণিত মূল্যসীমার অন্তর্ভুক্ত হইবে না।

৮। এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি অর্জনের জন্য শর্তাবলী। - (১) এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি গ্রহণের জন্য কোন যাত্রী আবেদন করিলে তাহাকে এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) নিজের ও তাহার পরিবারের সকল সদস্যের একত্রে আবাস স্থানান্তর করিবার প্রমাণ হিসাবে যাত্রীকে নিজের, স্বামী/স্ত্রী ও পরিবারের অন্যান্য সদস্যদের নামের তালিকাসহ পাসপোর্ট সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৩) এই বিধিমালার আওতায় আমদানিতব্য পণ্য যাত্রী যেই দেশে বসবাস করিতেন সেই দেশ হইতে বুকিং করিতে হইবে এবং এই বুকিং যাত্রীর বাংলাদেশে আগমণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৪) কোন যাত্রী এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধা গ্রহণের পর বাংলাদেশে অবস্থান করিবার সিদ্ধান্ত পরিবর্তন করিয়া এক বৎসর অবস্থানের পূর্বেই পুনরায় বিদেশে গমণের উদ্যোগ গ্রহণ করিলে সে তাহার আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্যের উপর প্রযোজ্য হারে সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

(৫) কোন যাত্রী পন্য খালাসকালে উপস্থিত থাকিতে পারিবে না এই হেতুতে তাহার পাসপোর্ট -এ আমদানিতব্য পণ্য অগ্রিম অন্তর্ভুক্ত করা যাইবে না।

[বিধি ৮(১) দ্রষ্টব্য]

ঘোষণাপত্রের ফরম

যাত্রীর ব্যক্তিগত, গৃহস্থালী ও পেশাগত পণ্য খালাসের ব্যাপারে ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর বিধি ৮(১) এর আওতায় ঘোষণা প্রদান সংক্রান্ত।

১। যাত্রী যে শুল্ক ষ্টেশন/স্থল/সমুদ্র/বিমান বন্দরের মাধ্যমে আগমণ করিয়াছেন তাহার নাম ঃ
২। আগমণের তারিখ ও ফ্লাইট নং/বাহনের রোটেশন নম্বর ঃ
৩। যেই শুল্ক ষ্টেশন/স্থল/সমুদ্র/বিমান বন্দরের মাধ্যমে পণ্য আমদানি করা হইবে তাহার নাম ঃ
৪। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে,

(ক) আমি বাংলাদেশের বাহিরে ...................... তারিখ হইতে ............................ তারিখ পর্যন্ত সর্বমোট ......................... বৎসর ................... মাস বসবাস করিয়াছি।

(খ) আমি আমার আবাস বিদেশ হইতে বাংলাদেশে নিম্ন বর্ণিত কারণে স্থানান্তর করিতেছি ঃ

....................................................................

....................................................................

....................................................................

....................................................................

(গ) নিম্ন বর্ণিত আমার পরিবারের অন্যান্য সদস্যবর্গ আমার সহিত একত্রে আবাস স্থানান্তর করিতেছেনঃ

| নাম | পাসপোর্ট নং | সম্পর্ক | আগমণের তারিখ | বিদেশে অবস্থানের প্রকৃত মেয়াদ |
|---|---|---|---|---|

১।

২।

৩।

৪।

৫।

(ঘ) বিল অব লেডিং/এয়ারওয়ে বিল নম্বর ............................তারিখ .................... এর মাধ্যমে আমদানিকৃত নিম্নবর্ণিত পণ্য/সংযুক্ত তালিকায় বর্ণিত পণ্য আমি আমার ব্যক্তিগত, পরিবারের এবং পেশাগত কাজে বিদেশে কমপক্ষে -------------- বৎসর ব্যবহার করিয়াছি এবং উক্ত পণ্য বাংলাদেশে ন্যূনতম এক বৎসর ব্যবহার করিব।

| ক্রমিক নম্বর | পণ্যের বর্ণনা | সংখ্যা/ পরিমাণ | ক্রয়ের তারিখ ও স্থান | পণ্যের ক্রয়মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

১।

২।

৩।

৪।

৫।

যাত্রীর স্বাক্ষর ............................................

যাত্রীর নাম ............................................

পাসপোর্ট নং ............................................

ঠিকানা ............................................

বর্তমান ঃ ............................................

স্থায়ী ঃ ............................................

তারিখ ঃ............................................

আমার সম্মুখে ......................তারিখে

উক্ত ঘোষণা প্রদান করা হইল।

সহকারী/উপ/যুগ্ম কমিশনারের নামের

সীল সহ স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(শাহ্‌নাজ পারভীন)

দ্বিতীয় সচিব (শুল্ক)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা।
ঢাকা, -----------------------
৮ই জুন, ২০০০ ইংরেজী।

নং এস,আর,ও ১৬৫(ক)-আইন/২০০০/১৮৪৭/শুল্ক।- অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১২৭-আইন/৯৯/১৭৯০/শুল্ক রহিত করিয়া, নিম্নবর্ণিত আমদানিকৃত পণ্যসমূহের উপর আরোপনীয় সম্পূর্ণ অবকাঠামো উন্নয়ন সারচার্জ হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :-

(১) President's (Remuneration and Privileges) Act, 1975 (VII of 1975)এর অধীনে মহামান্য রাষ্ট্রপতির জন্য;

(২) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১২২-আইন/৮৮/১১২৪/শুল্ক তারিখ ২৪/৫/৮৮ ইং এর আওতায় জাতীয় সংসদের মাননীয় সদস্যগণ কর্তৃক আনীত গাড়ী;

(৩) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং S.R.O 88-L/85/906/Cus dt. 13/2/85 ইং এর আওতায় Privileged Person কর্তৃক আনীত;

(৪) অত্র বিভাগের S.R.O 89-L/85/907/Cus dt. 13/2/85 ইং এর আওতায় Privileged Person কর্তৃক আনীত;

(৫) Vienna Convention, 1961 এর আওতায় পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রত্যায়িত কোন কূটনৈতিক বা কূটনৈতিক সুবিধায় আনীত;

(৬) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৫৮-আইন/২০০০/১৮৩৯/শুল্ক তারিখ ০৮/০৬/২০০০ ইং এর অধীনে শিল্পের জন্য;

(৭) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক তারিখ ৩/৮/৯৩ ইং এর মাধ্যমে রপ্তানীমুখী শিল্পের জন্য বন্ডের আওতায়;

(৮) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৬১-আইন/৯২/১৪৪৪/শুল্ক তারিখ ১৭/৩/৯২ ইং এর মাধ্যমে আনীত ত্রাণ সামগ্রী;

(৯) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক ও মূল্য সংযোজন কর তারিখ ১৫/২/৯৩ ইং এর আওতায় মূক, বধির, অন্ধ এবং শারীরিক ও মানসিকভাবে প্রতিবন্ধীদের পুনর্বাসনের জন্য;

(১০) জাতীয় রাজস্ব বোর্ডের Memo.No.9(41)NBR/Cus-IV/72/246 Dated, 10th April, 1981 এর আওতাধীন ডিফেন্স স্টোরস্ সম্পর্কিত;

(১১) আমদানির ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সম্পাদিত চুক্তি অনুযায়ী শুল্ক ও কর মওকুফের আওতায়;

(১২) আমদানির ক্ষেত্রে বিভিন্ন সংস্থা কর্তৃক সংবিধিবদ্ধ আদেশ দ্বারা শুল্ক ও কর মওকুফের আওতায়;

(১৩) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস তারিখ ২৮/১১/৯৫ ইং এর অধীনে তৈল ও গ্যাস অনুসন্ধান ও উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক পেট্রোবাংলার সাথে সম্পাদিত উৎপাদন বন্টন চুক্তি (Production Sharing Contract) এর আওতায়;

(১৪) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২২-আইন/৯৪/১৫৩৯/কাস তারিখ ১৭/১/৯৪ ইং এর অধীনে তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য;

(১৫) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৭৩-আইন/৯৭/১৭০০/শুল্ক তারিখ ১৯/৩/৯৭ ইং এর অধীনে বেসরকারী খাতে, বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান কর্তৃক;

(১৬) যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর আওতাভুক্ত;

(১৭) ট্রান্সফার অব রেসিডেন্স (Transfer of Residence) (ব্যাগেজ) বিধিমালা, ২০০০ এর আওতাভুক্ত;

(১৮) অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৪২-এল/৮৪/৮৮৬/কাস তারিখ ১০/১২/৮৪ ইং এর মাধ্যমে সাময়িকভাবে;

(১৯) Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এর কলাম (১) এ উল্লিখিত Heading No. সমূহের বিপরীতে কলাম (২) এ বিধৃত H.S.Code সমূহের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত নিম্নরূপ TABLE ভুক্ত পণ্যসমূহ ঃ

## TABLE

| Heading No | H. S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 30.06 | 3006.10.00 | Sterile surgical catgut, similar sterile suture materials and sterile tissue adhesive for surgical wound closure |
| | 3006.20.00 | Blood-grouping reagents |
| | 3006.30.00 | Opacifying preparations for X-ray examinations; |

| Heading No | H. S. Code | Description |
| --- | --- | --- |
| (1) | (2) | (3) |
| | | diagnostic reagents designed to be administered to the patient |
| | 3006.40.10 | Bone reconstruction cements |
| | 3006.40.90 | Dental cements and other dental fillings |
| | 3006.50.00 | First-aid boxes & kits |
| 31.03 | 3103.10.00 | Triple Superphosphates |
| 31.05 | 3105.30.00 | DAP Fertilizer |
| | 3105.40.00 | MOP Fertilizer |
| | 3105.51.00 | NPK Fertilizer |
| 32.15 | 3215.90.90 | Inkjet refill kit for computer printer |
| 37.01 | 3701.10.00 | Photographic plates and film for X-ray |
| 37.02 | 3702.10.00 | Photographic film in rolls for X-rays |
| 37.07 | 3707.10.00 | Toner Cartridge for computer |
| | 3707.90.00 | |
| 41.01 to 41.07 | All H. S. Codes | All goods |
| 52.01 | All H. S. Codes | Cotton, not carded or combed |
| 52.03 | All H. S. Codes | Cotton, carded or combed |
| 55.03 to 55.07 | All H. S. Codes | All goods |
| 84.71 | All H. S. Codes | Computer and its units thereof |
| 84.73 | 8473.30.00 | Parts and accessories of computer and its units |
| 85.17 | 8517.50.00 | Computer Modem |
| 85.23 | 8523.11.20<br>8523.12.20<br>8523.13.20<br>8523.20.20 | Magnetic tapes and Magnetic discs (un-recorded) used for computer |

| Heading No | H. S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.24 | Respective H. S. Codes | Computer software |
| 85.39 | 8539.49.10 | Ultra-violet or infra-red lamps for use in laboratories or operation theaters |
| 87.02 | Respective H. S. Codes | (i) Double decker bus only CNG system<br>(ii) Normal bus : Seating capacity 40 or more only CNG system |
| 90.18 | 9018.32.00 | Fistula needles |
| | 9018.32.00 | Needles, catheters, cannulae and the like: Tubular metal needles and needles for sutures |
| | 9018.90.90 | Other instruments and appliances, |
| | 9018.90.90 | Other instruments and appliances: Over sponges for dialysis tube dracing, Gauges sponges, basic Y-set, mini cap & A-V line |
| 90.19 | 9021.30.10 | Artificial limbs |
| | 9021.30.90 | Other artificial parts of the body |
| 94.02 | 9402.90.10 | Hospital beds |
| | 9402.90.90 | All other medical, surgical, dental, veterinary furniture, |
| 96.12 | 9612.10.00 | Ribbon for computer printer |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(আবুল কাসেম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

( শুল্ক )

<u>আদেশ</u>

২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা।
ঢাকা, ----------------------------
০৮ জুন, ২০০০ ইংরেজী।

নং এস.আর.ও ১৬৫(খ)-আইন/২০০০/১৮৪৮/শুল্ক। - Customs Act, 1969 (IV of 1969) এর section 21 (b) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং মোতাবেক ৯ই জুন, ১৯৯৪ ইং তারিখের আদেশ এস.আর.ও.নং XXVII-আইন/৯৪/১৫৫৬/শুল্ক এতদ্দ্বারা রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( মোঃ আজম ই-সাদত )
দ্বিতীয় সচিব (শুল্ক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।